

আরকানুল ইছলাম বা ইছলামের ভিত্তি কয়টি ও কি কি?

ইছলামের মূল ভিত্তি (রুক্ন) হলো পাঁচটি। এর প্রমাণ হলো:- ‘আব্দুল্লাহ ইবনু ‘উমার رضي الله عنه থেকে বর্ণিত হাদীছে রয়েছে, রাছূল صلی الله علیه و آله ইরশাদ করেছেন:-

بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسَةٍ، عَلَى أَنْ يُوحَدَ اللَّهُ - وَفِي رِوَايَةٍ - شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، وَإِقَامِ الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَصِيَامِ رَمَضَانَ، وَالْحَجِّ.^١

অর্থ- ইছলামকে পাঁচটি মূল ভিত্তির উপর প্রতিষ্ঠিত করা হয়েছে:- (১) আল্লাহর একত্ব প্রতিষ্ঠা করা (অর্থাৎ নিজের বিশ্বাস, কথা ও কাজে আল্লাহর একত্ব অক্ষুণ্ন রাখা)। অন্য বর্ণনার ভাষ্য হলো:- আল্লাহ ব্যতীত আর কোন মা‘বুদ নেই এবং মুহাম্মাদ صلی الله علیه و آله আল্লাহর বান্দাহ ও রাছূল” এই ঘোষণা ও সাক্ষ্য প্রদান করা। (২) সালাত ক্বায়িম করা। (৩) যাকাত প্রদান করা। (৪) মাহে রামাযানের রোযা পালন করা। (৫) হাজ্জ সম্পাদন করা।^২

১. رواه البخاري ومسلم.

২. সাহীহ বুখারী ও সাহীহ মুছলিম